জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর শুদ্ধাচার বাস্তবায়ন কমিটির জুলাই-সেপ্টেম্বর/২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী।

আহবায়ক : জনাব স্বপন কুমার দাস
উপ-সহকারী নিবন্ধক
জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী।

সভার তারিখ : ০৭/০৯/২০২২ খ্রি.

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

স্থান : জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্র: নং | সদস্যগণের নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব স্বপন কুমার দাস<br>উপ-সহকারী নিবন্ধক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | আহবায়ক | |
| ০২ | জনাব মোহাম্মদ আবদুল করিম<br>পরিদর্শক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য | |
| ০৩ | জনাব মোহাম্মদ আবু জাহের<br>উচ্চমান সহকারী,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য | |
| ০৪ | জনাব মিতা সেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য | |
| ০৫ | জনাব মো: কামাল হোসেন চৌধুরী<br>পরিদর্শক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | |

অদ্যকার সভা কমিটির আহবায়ক জনাব স্বপন কুমার দাস, উপ-সহকারী নিবন্ধক,জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং সদস্য সচিবকে শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনার কার্যক্রম অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান।

সভায় সদস্য সচিব শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১.১) নৈতিকতা কমিটি সভা আয়োজন | সভা আয়োজিত | সংখ্যা | ৪ | আলোচ্য বর্ষে নৈতিকতা কমিটির ৪টি সভা আয়োজন করতে হবে। সে প্রেক্ষিতে জেলার নৈতিকতা কমিটির সদস্য সচিব এ কার্যালয়ের উচ্চমান সহকারী জনাব মোহাম্মদ আবু জাহের সাহেবকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সভা আয়োজন করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| ১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | % | ১০০ | আলোচ্য বর্ষে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য জেলার নৈতিকতা কমিটির সর্বাত্নক সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে কমিটির দৃষ্টি আকর্ষণ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| ১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | আলোচ্য বর্ষে সমবায় সমিতি সমূহের সদস্যগণের (স্টেকহোল্ডারগণের) সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। সে প্রেক্ষিতে এ জেলার সমবায় সমিতি সমূহের সদস্যগণের (স্টেকহোল্ডার) সমন্বয়ে সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের জন্য ফোকাল পয়েন্টকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৪) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ২ | আলোচ্য বর্ষে শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এ প্রেক্ষিতে জেলা ও এর আওতাধীন উপজেলাসমূহের কর্মকর্তা/কর্মচারিগনের দক্ষতা বৃদ্ধি এবং স্ব-স্ব কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের জন্য জেলা সমবায় অফিসার মহোদয় এর দৃষ্টি আকর্ষণপূর্বক ফোকাল পয়েন্টকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| ১.৫) কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ) | উন্নত কর্ম-পরিবেশ | সংখ্যা ও তারিখ | ৩ টি ও ২৯/৯/২২ ২৯/১২/২২ ২৯/৬/২৩ | আলোচ্য বর্ষে ২৯/০৯/২২, ২৯/১২/২২, ২৯/০৬/২৩ তারিখের মধ্যে জেলার কর্ম-পরিবেশ উন্নয়ন(স্বাস্থ্যবিধি অনুসরণ) সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। এ সংক্রান্ত জেলা কমিটির দৃষ্টি আকর্ষণপূর্বক ফোকাল পয়েন্টকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| ২.১) ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ৩১/৭/২২ | আলোচ্য বর্ষে ৩১/৭/২২ খ্রি. তারিখের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের জেলার ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ কার্যালয়ের উচ্চমান সহকারী জনাব মোহাম্মদ আবু জাহের সাহেবকে অনুরোধ জানানো হয়। জনাব মোহাম্মদ আবু জাহের সাহেব সভায় জানান, জেলার ওয়েবসাইটে ক্রয়-পরিকল্পনা প্রকাশ করা হয়েছে। |
| ৩.১) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | % | ১০০ | আলোচ্য বর্ষে এ জেলা হতে সেবা গ্রহীতাদের(নাগরিক ও আভ্যন্তরীন সেবা) যে সকল সেবা প্রদান করা হয় তার শতভাগ সেবা প্রদানের তথ্যাদি সেবা প্রদান রেজিস্টারে লিপিবদ্ধপূর্বক সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের জন্য জেলার সকল সেবা প্রদানকারীকে( ডেস্ক কর্মকর্তা) অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| ৩.২) কর্মচারিদের উপস্থিত হাজিরা মনিটরিং | প্রতিবেদন | সংখ্যা | ৪ | আলোচ্য বর্ষে ত্রৈমাসিক ভিত্তিতে জেলায় কর্মরত সকল কর্মচারিদের উপস্থিত হাজিরা মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩.৩ কর্মকর্তা-কর্মচারিদের কর্মবন্টন বোর্ডে প্রদর্শন করা | বোর্ডে প্রদর্শন | তারিখ | ৩১/৮/২২ | আলোচ্য বর্ষে ৩১/৮/২২ খ্রি. তারিখের মধ্যে কর্মকর্তা-কর্মচারিদের কর্মবন্টন বোর্ডে (ওয়েবসাইটে) প্রকাশ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ কার্যালয়ের উচ্চমান সহকারী জনাব মোহাম্মদ আবু জাহের সাহেবকে অনুরোধ জানানো হয়। জনাব মোহাম্মদ আবু জাহের সাহেব সভায় জানান, জেলার বোর্ডে (ওয়েবসাইটে) কর্মকর্তা-কর্মচারিদের কর্মবন্টন প্রকাশ করা হয়েছে। |
| ৩.৪ জেলা সমবায় দপ্তর, নোয়াখালী এর সার্বিক কার্যক্রম মনিটরিং | কার্যক্রম ও মনিটরিং ব্যবস্থা গ্রহন | সংখ্যা | ৪ | আলোচ্য বর্ষে ত্রৈমাসিক ভিত্তিতে জেলার সার্বিক কার্যক্রম মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। |

পরিশেষে সভায় সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.০৭.২০২২

স্বপন কুমার দাস
উপ-সহকারী নিবন্ধক
জেলা সমবায় কার্যালয়
নোয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
coop.noakhali.gov.bd

নম্বর ৪৭.৬১.৭৫০০.০০০.১৮.১০৩.২০. ৫২৩

তারিখ: ০৫/০৯/২০২২খ্রি.

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমুলক অংশে জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) টিমের সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৯/২০২২খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১০.৩০ ঘটিকায় জেলা সমবায় কার্যালয়, নোয়াখালীর জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) টিমের বাস্তবায়ন কমিটির (জুলাই-সেপ্টেম্বর/২০২২খ্রি. মাসের) সভা অনুষ্ঠিত হবে। উক্ত ত্রৈমাসিক সভায় তাঁকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:

১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২) জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর ২০২২-২০২৩ খ্রি.সনের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৩) বিবিধ।

০৫.০৯.২০২২
স্বপন কুমার দাস
উপ-সহকারী নিবন্ধক
জেলা সমবায় কার্যালয়
নোয়াখালী।
ফোন: ০৩২১-৬১৪৪২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) জনাব মো: কামাল হোসেন চৌধুরী, পরিদর্শক ও সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) টিম, টিম, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
২) জনাব মোহাম্মদ আবদুল করিম, পরিদর্শক ,ও সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) টিম, জেলা সমবায় অফিস, নোয়াখালী
৩) জনাব মোহাম্মদ আবু জাহের, উচ্চমান সহকারী,ও সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) টিম, জেলা সমবায় অফিস,নোয়াখালী
৪) জনাব মিতা সেন, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর , ও সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) টিম, জেলা সমবায় অফিস, নোয়াখালী
৫) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী

০৫.০৯.২০২২
উপ-সহকারী নিবন্ধক
জেলা সমবায় কার্যালয়
নোয়াখালী।